# তিন দিনের সফরে সৌদি আরবে পৌঁছেছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ। ছবি: সংগৃহীত

তিন দিনের সরকারি সফরে সৌদি আরবে গেছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ। বৃহস্পতিবার (৬ আগস্ট) শুরু হওয়া এই সফরে তার সঙ্গে রয়েছেন দেশটির সেনাপ্রধান ও চিফ অব ডিফেন্স ফোর্সেস ফিল্ড মার্শাল আসিম মুনির।

পাকিস্তান সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে, সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমানের আমন্ত্রণে এ সফর অনুষ্ঠিত হচ্ছে। সফরকালে প্রধানমন্ত্রী ওমরাহ পালন করবেন এবং মদিনায় মহানবী হজরত মুহাম্মদ (সা.)-এর রওজা জিয়ারত করবেন।

এর আগে সাপ্তাহিক ব্রিফিংয়ে পাকিস্তানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র তাহির আন্দ্রাবি জানান, সফরের অন্যতম গুরুত্বপূর্ণ আয়োজন হবে প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ ও যুবরাজ মোহাম্মদ বিন সালমানের বৈঠক। এতে দুই দেশের দ্বিপক্ষীয় সম্পর্ক আরও শক্তিশালী করার পাশাপাশি আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন ইস্যুতে আলোচনা হওয়ার কথা রয়েছে।

তিনি বলেন, উপসাগরীয় অঞ্চলের বর্তমান পরিস্থিতির মধ্যেও এই সফর শুধু তাৎক্ষণিক সংকটকে ঘিরে নয়; বরং দীর্ঘমেয়াদি কূটনৈতিক ও কৌশলগত সহযোগিতা জোরদারের দৃষ্টিকোণ থেকেও গুরুত্বপূর্ণ।

LENS ASIA